চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০১ মার্চ২০১৮খ্রি.

সিটি মেয়র এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাধ্যমিক স্কুল সমূহের প্রধান শিক্ষক ফোরামের মতবিনিময় অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাধ্যমিক স্কুল সমূহের প্রধান শিক্ষক ফোরামের মতবিনিময় ১ মার্চ ২০১৮ খ্রি. সন্ধ্যায় নগরভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময়ে মেয়র প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কাছ থেকে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার বিষয়ে মতামত গ্রহণ করেন। তিনি শিক্ষার মান উন্নয়ন, পাঠদান পদ্ধতি সহজতরকরন,ব্যয় সংকোচন, শিক্ষকদের পাঠদান ও সহ শিক্ষা কার্যক্রম বিজ্ঞাণ ভিত্তিক ডিজিটাল পদ্ধতি অনুসরন, ফলাফল উন্নিতকরন, শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সবুজ বেষ্টুনী গড়ে তোলা সহ শিক্ষা কারিকুলাম বিষয়ে দিক নির্দেশনা তুলে ধরেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন আশা করেন সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ অন্য যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের তুলনায় উন্নত ফলাফল ও মান সমুন্নত থাকবে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম ও সুখ্যাতি বাড়ানোর ক্ষেত্রে প্রধান শিক্ষকদের আন্তরিকতা কামনা করেন। মতবিনিময় সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, প্রধান শিক্ষক ফোরাম এর আহবায়ক মো. আলী আকবর ও সদস্য সচিব মো. আবুল কাশেম শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সমস্যা ও সমাধান বিষয়ে লিখিত প্রস্তাবনা মেয়র এর নিকট উপস্থাপন করেন। মতবিনিময়ে প্রধান শিক্ষকদের মধ্যে সুকুমার দেবনাথ,মো. মোখলেসুর রহমান, মিলন কান্তি ভট্টচার্য, মো. আবুল হোসেন, আকতার হোছাইন, মো. ফরিদ উদ্দিন, আশরাফুন্নেছা, মো. সামছুল আলম, মো. হারুন উর রশিদ, এ কে মোহাম্মদুল্লাহ, মো. আমির হোছাইন,ফেরদৌস আরা বেগম, আয়েশা পারভীন, রুমা বড়ুয়া, এস এম এহসান উদ্দিন, মো. নুরুদ্দোজা ফরায়েজী, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সুমেধ তাপস বড়ুয়া, স্বপন কান্তি নাথ, মানিক চন্দ্র বৈদ্য, মো. নেজামুল হক, টিংকু কুমার ভৌমিক, মো. আবু তৈয়ব, আবদুস সালাম, দীপা চৌধুরী, মঞ্জু আরা বেগম, সহকারী প্রধান শিক্ষক মো. সাইফুল ইসলাম, মো. মো. শাহ আলম সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০১ মার্চ২০১৮খ্রি.

অপরাধী নয় অপরাধকে সকলে ঘৃণা করলে অপরাধ প্রবণতা কমে আসবে ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে মেয়র

চট্টগ্রাম সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাদক সেবিদের নিরাময়ে সহায়তা দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। অপরাধী নয় অপরাধকে সকলে ঘৃণা করলে অপরাধ প্রবণতা কমে আসবে। তিনি বলেন, মাদকসেবিদের দ্বারা পরিবার,সমাজ ও দেশ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়াও কোন ধার্মিক ব্যক্তি জঙ্গিবাদে সম্পৃক্ত হতে পারে না। সন্ত্রাস জঙ্গীবাদ একটি সামাজিক ব্যাধি। এথেকে পরিত্রানের জন্য ঐক্যবদ্ধ সামাজিক আন্দোলনের কোন বিকল্প নেই। মেয়র বলেন, চট্টগ্রাম আমাদের জন্মভুমি এ জন্মভুমিকে নিজ সন্তানের দরদ দিয়ে ভালবাসলে কোন অপরাধির জায়গা এ চট্টগ্রামে হবে না। ০১ মার্চ ২০১৮ খ্রি. বৃহস্পতিবার সকালে নগরীর ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ডে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। স্থানীয় কাউন্সিলর হাজী মোহাম্মদ জয়নাল আবেদীন এর সভাপতিত্বে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথি ছিলেন ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস শাহানুর বেগম, স্পেশাল ম্যাজিষ্ট্রেট ও যুগ্ম জেলা জজ মিসেস জাহানারা ফেরদৌস, পতেঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল কাশেম ভুঁইয়া, পতেঙ্গা থানা আওয়ামীলীগের আহবায়ক হাজী আবদুল হালিম। সমাবেশে আওয়ামীলীগ নেতা উমর ফারুক, মোহাম্মদ আলী, সাহাদাত হাসান, অধ্যক্ষ ইশরাত জাহান, ডা. ফিরোজ আহমদ, সমাজ সেবক জানে আলম, নুরুল আমিন, শ্রমিক নেতা ইসমাইল আজিজ, যুব নেতা ওয়াহিদ হাসান, হুমায়ুন কবির, ছাত্রনেতা জাহাঙ্গীর হোসেন শান্ত, শিক্ষক এস এম দিদারুল ইসলাম, সমাজ সেবক জাবেদ হোসেন সহ নানা শ্রেনী ও পেশার প্রতিনিধিরা তাদের মতামত উপস্থাপন করেন। প্রধান অতিথি চট্টগ্রাম সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সরকারের প্রকল্প সহায়তা, থোক বরাদ্ধ এবং বিভিন্ন সংস্থার সহযোগিতায় উন্নয়ন কার্যক্রম এগিয়ে যাচ্ছে। নাগরিকবৃন্দ নিয়মিত পৌরকর পরিশোধ করলে উন্নয়ন কার্যক্রম আরো বেগবান হবে। তিনি বলেন, সুনির্দ্দিষ্ট দায়িত্বের পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশন অতীতের ধারাবাহিকতায় শিক্ষা ও স্বাস্থ্য সেবা দিয়ে যাচ্ছে। এ দুটি খাতে বছরে ৫৬ কোটি টাকা ভর্তুকি দিতে হয়। এছাড়াও নগরীর দূর্যোগ কবলিত মানুষের সহায়তায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাশে থাকে। দূর্যোগে ক্ষতিগ্রস্তদের পরিবারের প্রতি ৫ হাজার টাকা করে অনুদান দিয়ে থাকে। তিনি নাগরিক সেবার লক্ষ্যে নগরবাসীর সহযোগিতা প্রত্যাশা করেন।

চট্টগ্রাম- ০১ মার্চ২০১৮খ্রি.

শেখ রাসেল স্মৃতি সংসদের সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন
চক্রান্ত ও ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বঙ্গবন্ধুর আদর্শের ঐক্য অটুট রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়মীলীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চক্রান্ত ও ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বঙ্গবন্ধুর আদর্শের ঐক্য অটুট রাখতে হবে। তিনি বলেন, সত্যের বিরুদ্ধে মিথ্যার তুলনা হয় না,

সত্য চিরদিনই সত্য। আওয়ামীলীগ শতপ্রতিকুলতা শর্তেও সত্যের পথে কাজ করে যাচ্ছে। এদেশ ও জাতির কল্যানে একমাত্র রাজনীতিক দল আওয়ামীলীগই জনকল্যাণে নিবেদিত। মেয়র বলেন, দেশ ও জাতির সার্বিক কল্যানে অন্য কোন দলের অবদান আছে বলে জনগণ বিশ্বাস করে না। মায়ের ভাষার অধিকার, শিক্ষার অধিকার, বাঁচার অধিকার, স্বাধীনতা ও স্বাধীকার সহ প্রতিটি আন্দোলন ও সংগ্রামে একমাত্র আওয়ামীলীগই অবদান রেখে যাচ্ছে। রক্ত জীবন দান আর ত্যাগের মহিমায় এ দলের পথ চলা। তিনি আগামী জাতীয় নির্বাচনে সকলকে ঐক্যবদ্ধ থেকে জননেত্রী শেখ হাসিনার জন্য নিরলস ভাবে কাজ করার আহবান জানান। ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সন্ধ্যায় নগরভবনের সম্মেলন কক্ষে রেয়াজউদ্দিন বাজার শেখ রাসেল স্মৃতি সংসদের নবগঠিত কমিটির পরিচিতি সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। সংগঠনের সভাপতি এম সাইফুদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান উপদেষ্টা আলকরণ ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব আবদুর রহমান, সিনিয়র উপদেষ্টা মোহাম্মদ ইদ্রিস, উপদেষ্টা মো. মঈন উদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক মো. আবুল কালাম, সিনিয়র সহ সভাপতি এম আসলাম উদ্দিন, কাজী মোহাম্মদ মহসিন পাশা, সহ সভাপতি মো. কামাল পাশা, নুরুল ইসলাম, মো. নিজামুল হক, মো. নুরুল আলম বাবু, মো. রফিক, মো. খাইরুল আমিন, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট মো. মোর্শেদ আলম চৌধুরী, সহ সাধারণ সম্পাদক হাজী মো. আবদুল গনি, এস এম ছৈয়দুল আলম, শাহাদাত হোসেন, মো. জামাল হোসেন, মো. খুরশিদ আলম, সাংগঠনিক সম্পাদক আবু হানিফ, ইয়াছিন আরাফাত লিলি, প্রচার সম্পাদক দেলোয়ার সহ সদস্যবৃন্দ বক্তব্য রাখেন। সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন রেয়াজউদ্দিন বাজার শেখ রাসেল স্মৃতি সংসদের নবকমিটির নেতৃবৃন্দকে পরিচয় করিয়ে দেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন